

মাত্র এক-চতুর্থাংশ উপবৃত্তির আওতায় দেশে প্রতিবন্ধী শিক্ষার্থীর সংখ্যা সাড়ে ৫০ হাজার

—ব্রিগেডিয়ার জেনারেল মালেক
হাফ রিপোর্টার : সনাক্কল্যাণ এবং ডাক ও
টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের মাতিউপ্রাও সেশপাল
এসিক্যুটিভ চিফ এডভাইজার ব্রিগেডিয়ার
জেনারেল এম এ মালেক (অবঃ) বলেছেন, দেশে
প্রায় ৫০ হাজার ৫শ' জন প্রতিবন্ধী শিক্ষার্থী
রয়েছে। এর মাত্র এক চতুর্থাংশকে সর্বোচ্চ শিক্ষা
উপবৃত্তির আওতায় আনা সম্ভব হয়েছে। শুধু
সরকারের একাধিক পক্ষে সকল প্রতিবন্ধী শিক্ষার্থীর
শিক্ষা সুনিশ্চিত করা দুরূহ। এ জন্য সমাজের
সকলকে এগিয়ে আসতে হবে। প্রতিবন্ধী
শিক্ষার্থীদের জন্য সরকারের শিক্ষা উপবৃত্তি
কর্মসূচীর সুবিধাজনক সংখ্যা ও বৃত্তির ব্যয়
ক্রমান্বয়ে বাড়ানো হবে বলে তিনি আশ্বাস দেন।
গতকাল (রবিবার) সমাজসেবা অধিদপ্তরের
মিলনায়তনে সমাজসেবা অধিদপ্তরের উদ্যোগে
ঢাকা মহানগরীর প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা
উপবৃত্তি বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায়
তিনি এসব কথা বলেন। তিনি বলেন, বর্তমান
তত্ত্বাবধায়ক সরকারই মৌলিক সর্বপ্রথম ২০০৭-০৮
অর্থবছর থেকে প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা
উপবৃত্তি কর্মসূচী চালু করেছে। কর্মসূচীর আওতায়
১২ হাজার ২০৯ জনকে উপবৃত্তি দেয়া হবে। এ
জন্য বরাদ্দ হয়েছে পাঁচ কোটি টাকা। অনুষ্ঠানে
ঢাকা মহানগরীর ৬৪টি শিক্ষা প্রতিষ্ঠানের ২০৮
জন প্রতিবন্ধী শিক্ষার্থীর মাঝে চলতি অর্থবছরের
প্রথম ছয় মাসের উপবৃত্তি বাবদ মোট ৪ লাখ ২৬
হাজার ৩শ' টাকা বিতরণ করা হয়।